

ডিপার্টমেন্ট অব কারেন্সী ম্যানেজমেন্ট এন্ড পেমেন্ট সিস্টেমস  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
ঢাকা

ডিসিএমপিএস সার্কুলার নং-০২/২০১১

তারিখ: ২৮ মার্চ, ২০১১  
১৪ চৈত্র, ১৪১৭

ব্যবস্থাপনা পরিচালক/নির্বাহী প্রধান  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক

প্রিয় মহোদয়,

ই-কমার্স কার্যক্রম প্রসঙ্গে ।

উপর্যুক্ত বিষয়ে ০২/১১/২০০৯ তারিখে জারীকৃত পিএসডি সার্কুলার নং-০৫ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে ।

০২। ই-কমার্স কার্যক্রমের সুবিধার্থে এখন থেকে সকল তফসিলী ব্যাংক তাদের ই-কমার্স কার্যক্রম সংশ্লিষ্ট গ্রাহকদের জন্য উপরিলিখিত সার্কুলার এ বর্ণিত সুবিধার পাশাপাশি নিম্নবর্ণিত সুবিধা প্রদান করতে পারবে :

- মানি লন্ডারিং প্রতিরোধ আইন এবং তদসূত্রে জারীকৃত নির্দেশনাবলী পরিপালন সাপেক্ষে গ্রাহকের ব্যাংক হিসাব থেকে একই ব্যাংকে রক্ষিত অপর গ্রাহকের ব্যাংক হিসাবে দৈনিক অনধিক টাকা ৫.০০ লক্ষ পর্যন্ত ইন্টারনেট/অনলাইনে অর্থ স্থানান্তর ।

এতদ্ব্যতীত পিএসডি সার্কুলার নং-০৫ এর অপরাপর বিষয়াদি অপরিবর্তিত থাকবে ।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন ।

স্বাক্ষরিত/-

(এ.কে.এম.ফজলুর রহমান)  
উপ-মহাব্যবস্থাপক  
ফোনঃ ৭১২৩৪৪৩